


বুয়েটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, টিকলেন ১ হাজার ৬৫০ জন

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়


২৭ অক্টোবর ২০১৯, ০০:৮৫

আপডেট: ২৭ অক্টোবর ২০১৯, ০০:৮৭



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিভিন্ন বিভাগে ২০১৯-২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। ফলাফলে পরীক্ষায় অংশ নেওয়া ১২ হাজার ১৬১ জন শিক্ষার্থীর মধ্যে ১ হাজার ৬৫০ জন ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকায় স্থান পেয়েছেন। তিন ধাপে যাচাই-বাছাইয়ের পর এদের মধ্য থেকে ১ হাজার ৬০ জন এবার বুয়েটে ভর্তির সুযোগ পাবেন।

শনিবার রাতে বুয়েটের ওয়েবসাইট ও মোটিশ বোর্ডে ভর্তি পরীক্ষার এই ফলাফল প্রকাশ করা হয়। গত ৬ অক্টোবর শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের প্রেক্ষাপটে ক্ষোভ ও শোকের পরিস্থিতির মধ্যেই ১৪ অক্টোবর বুয়েটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।



প্রকাশিত ফলাফলে স্থাপত্য বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন ৫৫ জন আর অপেক্ষমাণ তালিকায় আছেন ৯৫ জন। প্রকৌশল বিষয়ক বিভিন্ন বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য ১ হাজার ৫ জন শিক্ষার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন, অপেক্ষমাণ তালিকায় আছেন ৪৯৫ জন।

প্রাথমিকভাবে নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকায় থাকা এসব শিক্ষার্থীকে আগামী ৬ নভেম্বর সকাল ১০টা থেকে ১৩ নভেম্বর বিকেল সাড়ে চারটার মধ্যে বুয়েটের ওয়েবসাইটে (www.buet.ac.bd) বিভাগ নির্বাচন বা পচন্দক্রম ফরম পূরণ করতে হবে। এরপর ২০ নভেম্বর ওই ওয়েবসাইটেই বিভাগ নির্বাচন তালিকা প্রকাশ করবে বুয়েট কর্তৃপক্ষ।

ভর্তি প্রক্রিয়ার দ্বিতীয় ধাপে স্থাপত্য বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষার জন্য ২৫ নভেম্বর সকাল সাড়ে ৯টায় বুয়েটের পুরকৌশল ভবনের দ্বিতীয় তলার সেমিনার কক্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদ ও ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি, প্রার্থীর পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ছবি ইত্যাদি নিয়ে উপস্থিত হতে হবে। একই সময়ে অপেক্ষমাণ তালিকায় থাকা শিক্ষার্থীদের সেখানে শুধু উপস্থিত থাকতে হবে।

প্রকৌশল বিষয়ক বিভিন্ন বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষার জন্য ২৫ নভেম্বর থেকে ধারাবাহিকভাবে ৩ ডিসেম্বর পর্যন্ত পুরকৌশল ভবনের দ্বিতীয় তলার সেমিনার কক্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদ ও ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি, প্রার্থীর পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ছবি ইত্যাদি নিয়ে উপস্থিত হতে হবে।

দলিলাদি জমা দেওয়ার পর ভর্তিযোগ্য প্রার্থীদের পাঠানো হবে বুয়েটের চিকিৎসাকেন্দ্রে স্বাস্থ্য পরীক্ষায় কারও হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির অভিযন্তা, কোনো সংক্রামক রোগ অথবা শারীরিক বা মানসিক কোনো অক্ষমতা ধরা পড়লে তাঁকে ভর্তির অনুপযুক্ত ঘোষণা করা হবে। এই পরীক্ষার জন্য প্রার্থীকে ৫০০ টাকা ফি দিতে হবে।

স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণদের ২৭ নভেম্বর বেলা ২টা থেকে ৫টোর মধ্যে বুয়েটের তড়িৎ ও ইলেক্ট্রনিক প্রকৌশল অনুষদের ডিন কার্যালয় থেকে ভর্তির কাগজ সংগ্রহ করতে হবে। প্রকৌশল বিষয়ক বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য ৭ হাজার ১৫০ টাকা আর স্থাপত্য বিভাগে ভর্তির জন্য ৭ হাজার ২০০ টাকা নির্ধারিত ফরমে সোনালী ব্যাংকের বুয়েট শাখায় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দিতে হবো টাকা। জমা দেওয়ার পর সেদিনই ব্যাংকের প্রাপ্তি ফরমের অংশ ফটোকপি করে বুয়েটের রেজিস্ট্রার কার্যালয়ের ভর্তি শাখায় জমা দিতে হবে।

১১ ডিসেম্বরের মধ্যে প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের মধ্য থেকে ভর্তি প্রক্রিয়া শেষ হবো এরপর ১৫ ডিসেম্বর বুয়েটের ওয়েবসাইটে অপেক্ষমাণ তালিকায় থাকা শিক্ষার্থীদের ভর্তিসংক্রান্ত নোটিশ দেওয়া হবো।